ঝিনাইদহে পরিবার কল্যাণ সেবা সপ্তাহের উদ্বোধন

‘পরিকল্পিত পরিবার নিরাপদ মাতৃত্বের অঙ্গীকার’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে শুরু হয়েছে পরিবার কল্যাণ সেবা সপ্তাহ।

শনিবার (৬ ডিসেম্বর) সকালে জেলা মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ফিতা কেটে ও বেলূন উড়িয়ে সপ্তাহের উব্দোধন করেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সুবীর কুমার দাশ। সেসময় পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপ-পরিচালক মোজাম্মেল করিম, সহকারী পরিচালক ওয়ালিউর রহমান, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মিথিলা ইসলাম, মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার ডা. মাহবুবা আখতার তাবীয়া, ডা: সাদমান ফাহিম, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল কাজল, রিপোটার্স ইউনিটির সভাপতি এম এ কবিরসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

স্বাস্থ্য বিভাগের কর্মকর্তারা জানান, শনিবার থেকে শুরু হওয়া এই সেবা ও প্রচার সপ্তাহ চলবে ১১ ডিসেম্বর পর্যন্ত। সপ্তাহব্যাপী মা ও শিশুদের সেবা প্রাপ্তি সহজীকরণ এবং সেবার বার্তা প্রত্যন্ত এলাকার মানুষের কাছে পৌঁছে দিতে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হবে।

মুজিবনগরে ৩ দিনব্যাপী ভূমি সেবা সপ্তাহের উদ্বোধন

“নিয়মিত ভূমি উন্নয়ন কর প্রদান করি, নিজের জমি সুরক্ষিত রাখি”—এ প্রতিপাদ্যকে সামনে রেখে বর্ণাঢ্য র্যালীর মধ্যদিয়ে উদ্বোধন হয়েছে তিন দিনব্যাপী ভূমি সেবা সপ্তাহ ২০২৫। র্যালীটি উপজেলা পরিষদ চত্বর থেকে বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেলা চত্বরে এসে শেষ হয়। গতকাল রবিবার সকালে মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা ভূমি অফিসের আয়োজনে সেবা সপ্তাহর আনুষ্ঠানিক উদ্বোধন

করা হয়।

এ মেলার মূল উদ্দেশ্য হচ্ছে জনগণকে ভূমি উন্নয়ন কর পরিশোধে উৎসাহিত করা এবং ভূমি সংক্রান্ত সেবা ও তথ্য প্রদান করা। এসময় তথ্যকেন্দ্র ও সেবা বুথের উদ্বোধন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মন্ডল। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহামুদুল হাসান,মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স উপস্থিত ছিলেন।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন জানান, রবিবার থেকে মঙ্গলবার (২৫-২৭ মে) প্রতিদিন সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত চলবে এই সেবা। ভূমি উন্নয়ন কর পরিশোধ, ই-নামজারি, ই-পর্চাসহ বিভিন্ন সেবা প্রদান করা হচ্ছে ওয়ান-স্টপ সার্ভিসের মাধ্যমে।

তিনি আরও জানান, এই সেবা সপ্তাহের মূল লক্ষ্য—ভূমি সংক্রান্ত ডিজিটাল সেবা সহজে সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া।এখান থেকে হাতে-কলমে শেখানো হচ্ছে কীভাবে ঘরে বসে ভূমি উন্নয়ন কর প্রদান, নামজারির আবেদন ও ই-পর্চা সংগ্রহ করা যায়।

মেলার অংশ হিসেবে ২৬ মে বাগোয়ান ইউনিয়ন পরিষদে এবং ২৭ মে উপজেলা অডিটোরিয়ামে জনসচেতনতামূলক সভা, কুইজ প্রতিযোগিতা, পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান আয়োজন করা হবে।উপজেলা প্রশাসন ও উপজেলা ভূমি অফিসের যৌথ উদ্যোগে আয়োজিত এ মেলায় ভূমি সংক্রান্ত বিভিন্ন তথ্যসেবা প্রদান, ডিজিটাল রেকর্ড যাচাই, অনলাইন খতিয়ান ও মৌজা ম্যাপ সংগ্রহ, নামজারি আবেদনসহ নানা সুবিধা প্রদান করা হচ্ছে।

মেলাটি সাধারণ মানুষের ভূমি সংক্রান্ত জ্ঞান বাড়াতে এবং সেবা প্রাপ্তিকে সহজ ও স্বচ্ছ করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে।